ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
কামিল (স্নাতকোত্তর) শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
বসিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭
www.iau.edu.bd

স্মারক নং: ইআবি.কামিল কেন্দ্র.প্রশি.প্র.ক.২০২৩.ভলি-০১.০০১২.০০৬৫৬ তারিখ: ২২ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ / ০৬ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

# বিজ্ঞপ্তি

**"মাদরাসায় উচ্চ শিক্ষা: সম্ভাবনা ও চ্যালেঞ্জ" শীর্ষক সেমিনার-২০২৬ এ অংশগ্রহণ সংক্রান্ত**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে পরিচালিত চট্টগ্রাম ও রাঙ্গামাটি জেলার ফাজিল ও কামিল মাদরাসার অধ্যক্ষ, সভাপতি ও বিদ্যোৎসাহী সদস্যবৃন্দের অংশগ্রহণে আগামী ১৭ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ শুক্রবার দুপুর ২.৩০ ঘটিকায় পিটিআই মিলনায়তন, চট্টগ্রাম (আইস ফ্যাক্টরী রোড, নিউ মার্কেট) "মাদরাসায় উচ্চ শিক্ষা: সম্ভাবনা ও চ্যালেঞ্জ" শীর্ষক সেমিনার-২০২৬ আয়োজন করা হয়েছে। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন প্রফেসর ড. মোহাম্মদ আবু জাফর খান, মাননীয় ভাইস চ্যান্সেলর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়। মূল প্রবন্ধ উপস্থাপন করবেন প্রফেসর ড. মোহাম্মদ ইলিয়াছ ছিদ্দিকী, প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন জনাব শাহীনুল ইসলাম, ট্রেজারার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় ও জনাব ফাহাদ আহমদ মোমতাজী, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়। সভাপতিত্ব করবেন প্রফেসর ড. মো. ইদ্রিস আলী, ডিন, কামিল (স্নাতকোত্তর) শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়। উক্ত সেমিনারে চট্টগ্রাম ও রাঙ্গামাটি জেলার প্রত্যেক ফাজিল ও কামিল মাদরাসার অধ্যক্ষ, গভর্নিং বডির সভাপতি ও বিদ্যোৎসাহীসহ মোট ০৩ জনকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**উল্লেখ্য, সেমিনারে অংশগ্রহণকারী অধ্যক্ষ, গভর্নিং বডির সভাপতি ও বিদ্যোৎসাহী সদস্যবৃন্দের যাতায়াত ভাতা সংশ্লিষ্ট মাদরাসা কর্তৃপক্ষ বহন করবেন।**

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

৬/৭/২৬
(প্রফেসর. ড. মোঃ ইদ্রিস আলী)
ডিন
কামিল (স্নাতকোত্তর) শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা
মোবাইল: ০১৭১১ ২৫৮২৩২

প্রাপক
অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ
(চট্টগ্রাম ও রাঙ্গামাটি জেলার সকল ফাজিল ও কামিল মাদরাসা)

স্মারক নং: ইআবি.কামিল কেন্দ্র.প্রশি.প্র.ক.২০২৩.ভলি-০১.০০১২.০০৬৫৬ তারিখ: ২২ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ / ০৬ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২. পরিচালক, অর্থ ও হিসাব, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩. ভাইস-চ্যান্সেলরের একান্ত সচিব (সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৪. প্রো ভাইস-চ্যান্সেলর (একাডেমিক) এর একান্ত সচিব, (সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৫. প্রো ভাইস-চ্যান্সেলর (প্রশাসন) এর একান্ত সচিব, (সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৬. প্রোগ্রামার, আইসিটি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর, (সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৮. সভাপতি, চট্টগ্রাম ও রাঙ্গামাটি জেলার সকল ফাজিল ও কামিল মাদরাসা।
৯. সংশ্লিষ্ট নথি।

06.07.2026
(মুহাম্মদ আখলাকুল আম্বিয়া)
সহকারী রেজিস্ট্রার
কামিল (স্নাতকোত্তর) শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা
মোবাইল: ০১৭২১ ৩৭২০০০